অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/9/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো স্বল্প আয়ের সম্প্রদায় এবং কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে পরীক্ষার প্রবেশাধিকার সম্প্রসারণের জন্য নতুন উদ্যোগ গ্রহণ করেছেন

সংখ্যালঘু সম্প্রদায়কে প্রাধান্য দিয়ে তাদের সম্প্রদায়ের গির্জায় এমন 24টি অস্থায়ী টেস্টিং সাইট স্থাপন করার জন্য স্টেট নর্থওয়েল হেলথ-এর সাথে অংশিদারীত্ব করছে

স্টেটের ডায়গনিস্টিক এবং অ্যান্টিবডিজরিপের ফলাফল এবং COVID-19 এর কারণে হাসপাতালে ভর্তি হওয়া নতুন রোগীদের উপর একনিষ্ঠ জরিপে দেখা গেছে যে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের ব্যক্তিরা COVID-19 এর কারণে সবচেয়ে বেশি আক্রান্ত

1,300 এর বেশি NYC অঞ্চলের ট্রানজিট শ্রমিকদের অ্যান্টিবডি টেস্টিং জরিপের প্রাথমিক ফলাফলে দেখা গেছে যে 14.2 শতাংশ ব্যক্তির COVID-19 অ্যান্টিবডি আছে

নিউ ইয়র্ক স্টেটে আরো 2,715 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 48 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 333,122-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্বল্প আয়ের জনগোষ্ঠী ও কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে পরীক্ষার সুযোগ সম্প্রসারণের জন্য একটি নতুন উদ্যোগ চালুর ঘোষণা দিয়েছেন। এই স্টেট নর্থওয়েল হেলথ-এর সাথে অংশিদারিত্ব করার মধ্য দিয়ে নিউ ইয়র্কের ডাউন স্টেটে সংখ্যালঘু সম্প্রদায়কে প্রাধান্য দিয়ে স্টেটের টেস্টিং নেটওয়ার্ককে ডাউন স্টেট পর্যন্ত বিস্তারের মাধ্যমে তাদের সম্প্রদায়ের গির্জায় এমন 24টি অস্থায়ী টেস্টিং সাইট স্থাপন করছে।

স্টেটের ডায়াগনস্টিক টেস্টিং ও অ্যান্টিবডি টেস্টিং জরিপের ফলাফলে দেখা যায়, COVID-19 এ সবচেয়ে বেশি ভুগছে কম আয়ের জনগোষ্ঠী ও সংখ্যালঘু সম্প্রদায়। নিউ ইয়র্কে 15,000 ব্যক্তির মধ্যে বৃহত্তম স্টেটওয়াইড অ্যান্টিবডি টেস্টিং সার্ভেতে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে বৃহত্তর সংক্রমণের হার পাওয়া গেছে। উপরন্তু, COVID-19 এর কারণে হাসপাতালে সব সদ্য ভর্তি হওয়া রোগীদের উপর ব্যাপক জরিপে এটি দেখা গেছে যে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের ব্যক্তিরা সবচেয়ে বেশি আক্রান্ত এবং COVID-19 এর কারণে হাসপাতালে ভর্তি হওয়া 21 জিপ কোডের ব্যক্তিদের মধ্যে, 20টির গড়ে কৃষ্ণাঙ্গ এবং/অথবা ল্যাটিনো জনগোষ্ঠীর চেয়ে বেশি। সবচেয়ে বেশি আক্রান্ত ব্রুকলিন এবং ব্রঙ্কস-এ সমীক্ষায় গভীরভাবে পর্যবেক্ষণে পাওয়া যায় যেএমন কৃষ্ণাঙ্গ সম্প্রদায়গুলি নিম্ন আয়ের এবং তাদের

COVID-19 এর কারণে হাসপাতালে ভর্তি হওয়া এবং আক্রান্তের শতাংশ নিউ ইয়র্ক সিটির চেয়ে বেশি।

আজকের পরীক্ষা সম্প্রসারণ উদ্যোগ বৈষম্য মোকাবেলায় স্টেটের আগের কর্মকাণ্ডের সমর্থনে গড়ে উঠেছে এবং যারা COVID-19 মহামারি দ্বারা সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদেরকে সহায়তা করার জন্য। সাম্প্রতিক সপ্তাহগুলোতে রাষ্ট্র নিউ ইয়র্ক সিটির সরকারি আবাসনের অধিবাসীদের জন্য COVID-19 ডায়গনিস্টিক টেস্টিংসহ স্বাস্থ্যসেবা সেবা আনতে রেডি রেস্পন্ডারের (Ready Responders)-এর সাথে চুক্তিবদ্ধ হয়েছে এবং এক মিলিয়ন কাপড়ের মাস্ক এবং 10,000 গ্যালন হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেছে।

গভর্নর স্টেটের নিউ ইয়র্ক সিটি অঞ্চলে 1,300 এর বেশি ট্রানজিট কর্মীর অ্যান্টিবডি পরীক্ষার জরিপের প্রাথমিক ফলাফল ঘোষণা করেন যেখানে দেখা গেছে যে নিউ ইয়র্ক সিটিতে সাধারণ জনসংখ্যার 19.9 শতাংশের মধ্যে ট্রানজিট কর্মীদের 14.2 শতাংশের COVID-19 অ্যান্টিবডি রয়েছে।

"এটা একটা নিষ্ঠুর সত্য যে যখন আপনি বিপর্যয়ের দিকে তাকান, আপনি দেখবেন যে দরিদ্র এবং সবচেয়ে অনগ্রসর মানুষ প্রায়ই সর্বোচ্চ মূল্য প্রদান করে এবং COVID-19 মহামারি তার চেয়ে আলাদা কিছু নয়," **গভর্নর কুওমো বলেন।** "ঘটনা হল, নিম্ন আয়ের ও সংখ্যালঘু সম্প্রদায় সবচেয়ে বেশি কষ্ট পাচ্ছে-এটা ঠিক নয় এবং আমাদের এর সুরাহা করতে হবে। নিউ ইয়র্কে আমরা এই চক্র ভেঙ্গে ফেলতে কাজ করছি এবং আসলে এই বৈষম্য সমাধান করতে চাই। আমরা ইতোমধ্যে এই সম্প্রদায়ের সাহায্য করার জন্য তাৎপর্যপূর্ণ পদক্ষেপ নিয়েছি এবং আমরা প্রধানত সংখ্যালঘু সম্প্রদায়ের চার্চে অতিরিক্ত টেস্টিং সাইট সেট আপ করার জন্য নর্থওয়েল স্বাস্থ্যের (Northwell Health) সাথে অংশীদার হতে যাচ্ছি। আর এই ইস্যুতে আমাদের সঙ্গে কাজ করার জন্য আমরা আমাদের কংগ্রেসের শরিক এবং চার্চ গ্রুপগুলোকে ধন্যবাদ জানাতে চাই।"

নর্থওেল হেলথ-এর প্রেসিডেন্টয় এবং সিইও মাইকেল ডাউলিং বলেন, "কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের মধ্যে করোভাইরাসের প্রাদুর্ভাবকে প্রাধান্য দেওয়ার মধ্য দিয়ে, এটা বাধ্যতামূলক যে আমরা যেন ভাইরাসের আরো বিস্তার রোধে দ্রুত কাজ করি। সামাজিক দূরত্ব, ফেস মাস্ক পরা, দলগত সমাবেশ এড়ানো এবং বেসিক হ্যান্ড হাইজিন মেনে চলার বাইরে আমরা আমাদের সম্প্রদায়কে পরীক্ষার মাধ্যমে রক্ষা করতে পারি। নর্থওয়েল গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্ট (New York State Department of Health) এর সাথে অংশীদার হতে পেরে সন্তুষ্ট।"

কংগ্রেস সদস্য হাকিম জেফরিস বলেন, "আমরা জানি, উপাসনা ঘর, আধ্যাত্মিক সম্প্রদায় সব সময় পাশে আছে, যাতে ক্ষতিগ্রস্ত সম্প্রদায় এই ঝড়ের প্রভাব থেকে কাটিয়ে উঠতে পারে। সুতরাং, এখন এই মুহূর্তে, তাদের অব্যাহতভাবে নিয়োজিত থাকা এবং গভর্নরের নেতৃত্ব এবং অংশীদার হওয়ার ইচ্ছার কারণে, আমরা এই COVID-19 মহামারির সময়ে এই সব উপাসনালয় এবং ধর্মীয় নেতাদের যাদের বিশ্বাসযোগ্যতা আছে, সত্যতা আছে এবং সমাজে সকলের কাছে পৌঁছানোর ক্ষমতা আছে তাদের মাধ্যমে যাদের পরীক্ষা করার প্রয়োজন তাদেরকে সহজে শনাক্ত করতে পারবো। দিনের শেষে এটাই আমাদের কাম্য যে এই মহামারি সবার জন্য শেষ না হওয়া পর্যন্ত এখানেই আমাদের

শেষ নয়। আমরা জানি, কৃষ্ণাঙ্গ সম্প্রদায়গুলি বিশেষভাবে কঠিন আঘাত পেয়েছে। এই পরীক্ষার উদ্যোগ অবিশ্বাস্যভাবে অপরিহার্য যাতে আমি যাদের প্রতিনিধিত্ব করি বা যারাতাদের প্রতিনিধিত্ব করে যেমন- এনডিয়া ভেলজেকুয়েজ, ইয়ভেটের ক্লার্ক, গ্রেগ মেকস, আদ্রিয়ানো এসপালেত এবং আরও অনেকের মতো প্রতিনিধি দলের মহান সদস্যদের মতো করে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের প্রতিটি প্রান্তকে আমরা পরিবর্তন করে দিতে পারি। তাই গভর্নর, আপনার অংশীদারিত্বের জন্য আপনাকে ধন্যবাদ।"

কংগ্রেসের নারী সদস্য ইয়েভেটি ডি. ক্লার্ক বলেন, "COVID-19 এর কারণে আমাদের কৃষ্ণাঙ্গ ও হিসপানিক ভাই-বোনেরা মধ্য-দক্ষিণ ব্রুকলিন ডিস্ট্রিক্টসহ আমাদের বসবাসের অঞ্চলে বেশি হারে মারা যাচ্ছে। এই সম্প্রদায়ের মধ্যে বিশেষ করে করোনাভাইরাসের প্রসার রোধের জন্য টেস্টিংয়ের প্রবেশাধিকার অত্যন্ত জরুরি। এটা বিচক্ষণতার পরিচয় যে আমরা সংখ্যালঘু সম্প্রদায়ের মান সম্মত স্বাস্থ্য সেবা এবং পরীক্ষার অ্যাক্সেস নিশ্চিত করার জন্য একত্র হয়েছি, আর এ কারণে আমি গভর্নর কুওমোর সঙ্গে নিম্ন আয় এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে COVID-19 পরীক্ষা সম্প্রসারণের অংশিদার হতে তার পাশে দাঁড়িয়েছি। শুধুমাত্র একসাথে কাজ করে আমরা এই ভাইরাসের মোকাবেলা করতে পারি--শুধুমাত্র একসাথে কাজ করে নিউ ইয়র্ক ধৈর্য্য ধারণ করতে পারে।"

পরিশেষে, গভর্নর আরও 2,715 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 333,122-তে নিয়ে এসেছে। মোট 333,122 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,416	32
Allegany	35	0
Broome	372	8
Cattaraugus	60	1
Cayuga	53	1
Chautauqua	40	0
Chemung	131	1
Chenango	109	4
Clinton	76	2
Columbia	304	0
Cortland	29	0
Delaware	63	0
Dutchess	3,319	42
Erie	4,337	82
Essex	31	0

Franklin	17	0
Fulton	104	1
Genesee	170	1
Greene	204	5
Hamilton	5	0
Herkimer	77	1
Jefferson	67	1
Lewis	11	1
Livingston	101	1
Madison	250	1
Monroe	1,775	40
Montgomery	66	2
Nassau	38,028	216
Niagara	627	22
NYC	183,289	1,506
Oneida	638	18
Onondaga	1,218	49
Ontario	104	0
Orange	9,486	84
Orleans	122	1
Oswego	75	3
Otsego	67	0
Putnam	1,080	6
Rensselaer	407	27
Rockland	12,400	51
Saratoga	399	11
Schenectady	571	13
Schoharie	46	1
Schuyler	7	0
Seneca	48	2
St. Lawrence	187	0
Steuben	226	1
Suffolk	36,461	238

Sullivan	1,071	32
Tioga	104	5
Tompkins	132	1
Ulster	1,440	11
Warren	202	3
Washington	204	3
Wayne	79	0
Westchester	31,087	182
Wyoming	75	2
Yates	20	0

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন